



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-৩৫২ (ক-৩)/২০০৬ (অংশ-১)/ ১৫০৬/১০

তারিখ: ০১/০৫/২০২৪ খ্রিস্টাব্দ


বিষয়: শুনানীতে অংশগ্রহণ।

- সূত্র: ১. তদন্ত প্রতিবেদনের স্মারক নং-মাউশি/আ:/পরি:/কা:/চট্ট:/২০২৩/২৬৪; তারিখ: ১০/০৯/২০২৩খ্রি.
২. মাউশির স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১).৩০৩১; তারিখ: ৩০/১১/২০২২খ্রি.
৩. মাউশির স্মারক নং-৭জি/৩৫২ (ক-৩)/২০০৬ (অংশ-১)/৭৬৮/৭; তারিখ: ২২/০২/২০২৩খ্রি.
৪. মাউশির স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১).৬৭৭; তারিখ: ০৩/০৪/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার উখিয়া উপজেলাধীন উখিয়া কলেজের ইতিহাস বিষয়ের প্রভাষক জনাব তহিদুল আলম তার স্বগিতকৃত এমপিও পূর্নবহাল ও সমুদয় বকেয়া বেতন-ভাতা পাওয়ার জন্য আবেদন করেন। সেই প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের নভেম্বর/২০২২ মাসের এমপিও সভায় তার নিয়োগ প্রক্রিয়া, নিয়োগকালীন মহিলা কোটার শর্ত, বরখাস্তকরণ প্রক্রিয়া এবং পূর্নবহাল প্রক্রিয়া যাচাইপূর্বক করে এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত নেয়া। নভেম্বর/২০২২ মাসের এমপিও সভার সিদ্ধান্ত মোতাবেক তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির প্রতিবেদনের আলোকে উল্লিখিত বিষয়ে মাউশি অধিদপ্তরের মার্চ/২০২৪ সভায় উপস্থাপন করা হয়।

মার্চ/২০২৪ মাসের এমপিও সভার সিদ্ধান্তঃ “কক্সবাজার জেলার উখিয়া উপজেলাধীন উখিয়া কলেজের ইতিহাস বিষয়ের প্রভাষক জনাব তহিদুল আলম স্বগিত এমপিও পূর্নবহাল ও সমুদয় বকেয়া বেতন প্রদান সংক্রান্ত বিষয়ে মামলা এবং তদন্তের রিপোর্টের আলোকে অধ্যক্ষ, সংশ্লিষ্ট শিক্ষক এবং EMIS সেলের প্রতিনিধিসহ মাউশি অধিদপ্তরের শুনানীর আলোকে বিষয়টি নিষ্পত্তির জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।”

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে এমপিও সভার সিদ্ধান্ত মোতাবেক ইতিহাস বিষয়ের প্রভাষক জনাব তহিদুল আলম-এর স্বগিত এমপিও পূর্নবহাল ও সমুদয় বকেয়া বেতন প্রদান সংক্রান্ত বিষয়ে মামলা এবং তদন্তের রিপোর্টের আলোকে তার নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্রসহ আগামী ১৩/০৫/২০২৪খ্রি. তারিখ সোমবার সকাল ০৯:৩০ ঘটিকায় অনুষ্ঠিতব্য শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

উখিয়া কলেজ, উখিয়া, কক্সবাজার।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
০২. উপপরিচালক (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ);
০৩. জনাব আল-আমিন সরকার, শিক্ষা অফিসার (আইন-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ);
০৪. জনাব এম সিদ্দিকুর রহমান, অফিসার ইনচার্জ (কর্মাশিয়াল সেল), আইন শাখা (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ);
০৫. সভাপতি, পরিচালনা পরিষদ, উখিয়া কলেজ, উখিয়া, কক্সবাজার;
০৬. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানোর অনুরোধসহ);
০৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ এবং শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ);
০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উখিয়া, কক্সবাজার (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানোর অনুরোধসহ);
০৯. জনাব তহিদুল আলম, প্রভাষক (ইতিহাস), উখিয়া কলেজ, উখিয়া, কক্সবাজার (নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্রসহ শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ);
১০. সংরক্ষণ নথি।